


ভৌত বিজ্ঞান গ্যালারী

Physics Gallery

সিনেমাস্কোপ

Cinemascope



সিনেমা কেমন করে কাজ করে এই প্রদর্শনীবস্তুটি তা প্রদর্শন করে। ব্যক্তিভেদে মানব চক্ষু গড় পড়তায় প্রতি সেকেন্ডে ১০টি বেশি পৃথক ছবি সনাক্ত করতে পারে না। যদি এক সেকেন্ডে ছবির সম্প্রাত সংখ্যা ১০-এর অধিক হয়, তবে ছবিটি চলমান বলে মনে হয়। এটি চলমান ছবি বা সিনেমার উপজীব্য।

This exhibit demonstrates how cinema works. Human eye can't detect more than averagely 10 individual pictures per second irrespective of person. If the exposures of pictures are more than 10, then the pictures are seemed to be continuous. This is the theme of the motion picture or movie.

For video click the link : www.youtube.com/watch?v=uMNqZjvHOG

www.youtube.com/watch?v=TiryZlqLuJA

নিউটনের বর্ণচক্র

Newton's Colour Disc



সাদা রং এর আলো যে সুনির্দিষ্ট অনুপাতে সাতটি ভিন্ন রং এর আলোর মিশ্রণ তা এই প্রদর্শনীবস্তুটি প্রদর্শন করে। এই সাতটি রং হলোঃ বেগুনী, নীল, আসমানী, সবুজ, হলুদ, কমলা ও লাল (বেনীআসহকলা)। চক্রের উপর এই রংগুলি চিত্রিত আছে। যখন চক্রটিকে ঘুরানো হয়, তখন অতি অল্প সময়ে মানব মস্তিস্কের গ্রহণ অক্ষমতা জনিত কারণে প্রতিটি বর্ণকে আলাদাভাবে পর্যবেক্ষণ করা সম্ভব হয় না। এই সম্মিলিত ফলাফল হলো সাদা রং এর চক্র।

This exhibit demonstrates that the light of white colour is a mixture of lights of seven different colours in specific proportions. These seven colours are: violet, indigo, blue, green, yellow, orange and red (**VIBGYOR**). These colours are painted on the disc. When the disc is rotated, it can not be observed the colours individually due to inability of perception of human brain in too short time. The combined effect is white colour of disc.

For video click the link : www.youtube.com/watch?v=cPHOCysZS2k